USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

PRESS RELEASE

UNITED STATES ANNOUNCES $18 MILLION IN HUMANITARIAN ASSISTANCE TO WORLD FOOD PROGRAM TO FIGHT FOOD INSECURITY AMONG ROHINGYA REFUGEES

DHAKA, JANUARY 25, 2018 – Today, the United States, through the U.S. Agency for International Development, announced $18.4 million to the UN World Food Program to provide emergency food assistance to Rohingya refugees in Cox's Bazar district, Bangladesh.

This latest contribution, combined with earlier contributions, brings the total amount awarded to the World Food Program specifically for work with refugees in Bangladesh to more than $24 million since August last year. Total US government humanitarian assistance for all entities working with displaced people in and from Burma in the region is more than $177 million since October 2016.

Food insecurity and malnutrition remain serious concerns in Cox's Bazar. More than 62,800 children under five are in need of treatment for acute malnutrition and 120,000 pregnant and lactating women need nutrition assistance.

USAID Mission Director Janina Jaruzelski said that "USAID is pleased to support the Government of Bangladesh's commendable efforts in assisting the Rohingya refugees by funding this emergency food assistance. This assistance will give the most vulnerable people the nutrition services they need to survive and will target upwards of 36,000 children under five to help fight acute malnutrition and child mortality."

USAID's contributions to the Word Food Program funds emergency food and nutrition assistance for refugees, especially for pregnant and lactating women and children under five, and provides logistical support. USAID-funded distribution of rice, peas, vegetable oil, and super cereals also helps to prevent and treat malnutrition and child mortality.

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/

USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

PRESS RELEASE

The U.S. Government, through USAID, has provided more than $7 billion in development assistance to Bangladesh since 1971. In 2016, USAID provided nearly $200 million to improve the lives of people in Bangladesh through programs that expand food security and economic opportunity, improve health and education, promote democratic institutions and practices, protect the environment, and increase resiliency to climate change.

রোহিঙ্গ্যা শরণার্থীদের খাদ্য নিরাপত্তাহীনতা মোকাবেলায় ইউএসএইড ডব্লিউএফপির জন্য ১৮ মিলিয়ন ডলার মানবিক সহায়তা অনুদান ঘোষণা করলো

ঢাকা, ২৫ জানুয়ারী, ২০১৮ - আজ যুক্তরাষ্ট্র এর আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ইউএস এজেন্সী ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএইড) এর মাধ্যমে জাতিসংঘ বিশ্ব খাদ্য সংস্থা (ডব্লিউএফপি) কে ১৮.৪ মিলিয়ন ডলার প্রদানের ঘোষণা দিয়েছে। এই তহবিল বাংলাদেশের কক্সবাজারে বসবাসরত রোহিঙ্গ্যা শরণার্থীদের জরুরি খাদ্য সহায়তায় ব্যবহৃত হবে।

এই নতুন ঘোষিত তহবিল গত বছর আগস্ট মাস থেকে ডব্লিউএফপিকে দেয়া অনুদানের সাথে যুক্ত হয়ে একে মোট ২৪ মিলিয়ন ডলারে উন্নীত করলো। আর রোহিঙ্গ্যা সংকট মোকাবেলায় যুক্তরাষ্ট্র সরকার অক্টোবর ২০১৬ থেকে এই পর্যন্ত ১৭৭ মিলিয়ন ডলারেরও বেশি সহায়তা প্রদান করেছে।

কক্সবাজারে রোহিঙ্গ্যা শরণার্থী শিবিরে খাদ্য নিরাপত্তাহীনতা ও অপুষ্টি একটি বিশেষ উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। তথ্যমতে, ৬২,৮০০ পাঁচ বছরের কমবয়সী শিশু সেখানে তীব্র পুষ্টিহীনতায় ভুগছে, আর ১২০,০০০ গর্ভবতী ও স্তন্যদাত্রী নারীর মধ্যে প্রকট পুষ্টিহীনতার প্রভাব শনাক্ত করা হয়েছে।

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/

USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

PRESS RELEASE

আজকের এই সংযোজিত সহায়তা ঘোষণা উপলক্ষে ইউএসএইড-এর মিশন পরিচালক ইয়ানিনা জারুজেলস্কি বলেন, "বাংলাদেশ সরকারের সাথে অংশীদারিত্ব করে রোহিঙ্গ্যা শরণার্থীদের এই জরুরি খাদ্য সহায়তা প্রদান করতে পেরে ইউএসএইড গর্বিত। এই সহায়তা সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে পুষ্টি সহায়তা প্রদান করবে, সাথে ৩৬,০০০ এরও বেশি পাঁচ বছরের কমবয়সী শিশুকে তীব্র অপুষ্টির বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করবে, ও শিশুমৃত্যুর হার কমাবে।

ডব্লিউএফপি কে দেয়া ইউএসএইড-এর এই তহবিল শরণার্থীদের, বিশেষত পাঁচ বছরের কমবয়সী শিশু ও গর্ভবতী ও স্তন্যদাত্রী নারীদের, জরুরি খাদ্য ও পুষ্টি সহায়তা দান করবে, এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ করবে। এছাড়াও ইউএসএইড-এর অনুদান রোহিঙ্গ্যা শরণার্থী শিবিরে চাল, ডাল, ভোজ্য তেল ও সুজি বিতরণ ও অপুষ্টির চিকিৎসা প্রদানে বিশেষ ভূমিকা রাখবে, তদুপুরি শিশুমৃত্যুর হার কমাতে সাহায্য করবে।

১৯৭১ সাল থেকে যুক্তরাষ্ট্র সরকার ইউএসএআইডি'র মাধ্যমে বাংলাদেশকে ৭ বিলিয়ন ডলারেরও বেশী উন্নয়ন সহায়তা প্রদান করেছে। ২০১৬ সালে ইউএসএআইডি বাংলাদেশের জনগণের জীবনমানের উন্নয়নে প্রায় ২০০ মিলিয়ন ডলার প্রদান করেছে। ইউএসএআইডি বাংলাদেশে যে সকল কর্মসূচিতে সহায়তা প্রদান করে সেগুলোর মধ্যে রয়েছে – গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও অনুশীলনের প্রসার, খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক সুবিধাদির সম্প্রসারণ, স্বাস্থ্য ও শিক্ষা সেবার উন্নয়ন ও অভিযোজন এবং স্বল্প কার্বন উন্নয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন পরিস্থিতির সংগে খাপ খাওয়ানো।

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/